



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
আইসিটি শাখা
www.khulna.gov.bd

জেলা আইসিটি বিষয়ক কমিটির জুন/২০২৬ মাসে জুম প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত ভার্যুয়াল সভার কার্যবিবরণী

সভাপতি হুৱে জান্নাত
জেলা প্রশাসক
সভার তারিখ ২৮-০৬-২০২৬ খ্রিস্টাব্দ
সভার সময় বিকাল ০৩.০০ টা
স্থান জুম প্লাটফর্ম
উপস্থিতি পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গত ২৬/০৪/২০২৬ তারিখ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন না থাকায় তা দৃটীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়;

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান	সভাপতি বলেন উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করা হচ্ছেনা ও সভার কার্যবিবরণী জেলা প্রশাসক বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত আয়োজন ও প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে কার্যবিবরণী জেলা প্রশাসক বরাবর প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা
০২.	ওয়েব পোর্টাল হালনাগাদকরণ	খুলনা’র জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদকরণ এবং কোনো সমস্যা পরিলক্ষিত হলে জেলা পর্যায়ে প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার এবং উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট আইসিটি অফিসারকে অবহিত করতে হবে। এছাড়া, ওয়েব পোর্টাল হালনাগাদকরণের ক্ষেত্রে কয়েকটি বিষয়ে অধিকতর গুরুত্বারোপ করা যেমন সিটিজেন চার্টার হালনাগাদকরণ, অপ্রয়োজনীয় তথ্য ও ছবি অপসারণ, আর্থিক প্রতিষ্ঠানাদি ও এনজিও সমূহের তথ্য অন্তর্ভুক্তিকরণের বিষয়ে আলোচনা করা হয়।	খুলনা’র জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করাসহ ওয়েব পোর্টালে সিটিজেন চার্টার হালনাগাদকরণ, অপ্রয়োজনীয় তথ্য ও ছবি অপসারণ, আর্থিক প্রতিষ্ঠানাদি ও এনজিও সমূহের তথ্য অন্তর্ভুক্তিকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। দপ্তর প্রধান (সকল), খুলনা ২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা। ৩। সহকারী কমিশনার (আইসিটি), খুলনা। ৪। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

০৩.	ডি-নথি সংক্রান্ত	দাপ্তরিক কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়ন এবং কাগজবিহীন দপ্তরের ধারণা বাস্তবায়নের লক্ষ্যে ডি-নথিতে অধিকতর কার্যক্রম সম্পাদনের নিমিত্ত জেলা প্রশাসকের কার্যালয় ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আর্থিক বিষয় ব্যতীত অন্যান্য বিষয়াদির কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। কর্মকর্তাদের ডি-নথি পরিচালনায় দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	আর্থিক বিষয় ব্যতীত অন্যান্য বিষয়াদির কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করা ও ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা ৩। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
০৪.	GEMS (Govt: Employee Management System)-এ অন্তর্ভুক্তি সংক্রান্ত	বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী 'মেরিটোক্রেসির বাংলাদেশ' বিনির্মাণে জবাবদিহিমূলক ও জনবান্ধব জনপ্রশাসন গঠনের নিমিত্ত ই-গভর্নেন্স প্রতিষ্ঠার লক্ষ্যে আধুনিক মানবসম্পদ ব্যবস্থাপনা ও সরকারি চাকুরি আইন, ২০১৮ এর ২১ ধারা অনুযায়ী ইলেকট্রনিক পদ্ধতিতে সকল কর্মকর্তা/কর্মচারীর চাকরির তথ্য সংরক্ষণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি GEMS (Govt: Employee Management System) শীর্ষক বিশেষ কার্যক্রম বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা করা হয়। খুলনা জেলার ১৫টি দপ্তর/সংস্থার মনোনীত ৩০ জন কর্মকর্তা/কর্মচারীদের EMS বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণে সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে ০২ জন করে কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাগণ মাস্টার ট্রেনার হিসেবে তাদের দপ্তরের আওতাধীন কর্মচারীদের তথ্য GEMS-এ অন্তর্ভুক্তি করবেন।	GEMS বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাগণ তাদের আওতাধীন দপ্তরের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য GEMS-এ অন্তর্ভুক্তকরণের সহায়তা করবে।	১। দপ্তর প্রধান (সকল), খুলনা ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা ৪। সহকারী কমিশনার (আইসিটি), খুলনা ৫। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা ৬। খুলনা জেলার বিভিন্ন দপ্তরের EMS প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮-০৭-২০২৬

হুরে জাম্মাত

জেলা প্রশাসক

ইমেইল : dckhulna@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪৭০০.০০০.০৩২.০৬.০০০১.২৫.১৬২

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩

০৮ জুলাই ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ভারপ্রাপ্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
- ৪। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, খুলনা।

- ৫। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।
- ৭। সিভিল সার্জন, খুলনা।
- ৮। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, খুলনা।
- ১১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা।
- ১২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।
- ১৩। জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা।
- ১৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
- ১৫। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, খুলনা।
- ১৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা।
- ১৭। অধ্যক্ষ, সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা।
- ১৮। উপ-মহাব্যবস্থাপক (মেট্রো), বিটিসিএল, খুলনা।
- ১৯। সহকারী পরিচালক, বিটিআরসি, খুলনা।
- ২০। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা।
- ২১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, খুলনা।
- ২২। জেলা আইসিটি অফিসার, খুলনা।
- ২৩। সহকারী প্রোগ্রামার (সকল), খুলনা।



০৯-০৭-২০২৬

কানিজ ফাতেমা লিজা

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)